



পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org

ব্যংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও দপ্তর /সংস্থার ইনোভেশন টিমে পিকেএসএফ এর সদস্যদের অংশগ্রহণে
অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি: ড. একেএম নুরুজ্জামান

সভার তারিখ: ০৯ ডিসেম্বর, ২০১৯

সময়: সকাল ০৩.৩০ ঘটিকা


সভার স্থান: কক্ষ নম্বর-১২৫০, পিকেএসএফ ভবন, ঢাকা-১২০৭

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট-“ক”

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী নিয়ে আলোচনা করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ এবং পরিকল্পনা মোতাবেক কার্যক্রম সঠিক সময়ে বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্রম.	আলোচ্য বিষয়	আলোচনা/সিদ্ধান্ত
০১.	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক আয়োজিত ২০১৯-২০ অর্থবছরের ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা বিষয়ক আলোচনা।	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক ১০ ডিসেম্বর, ২০১৯ তারিখে আয়োজিত ২০১৯-২০২০ অর্থ বছরে ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ২য় সভায় বিষয়টি সভায় জানান হয়। সভায় আরও উল্লেখ করা হয় যে, উক্ত সভায় পিকেএসএফ- এর উদ্ভাবন বিষয়ক কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হবে। এ বিষয়ে সভাপতি মহোদয় পিকেএসএফ- এর উদ্ভাবন বিষয়ক কার্যক্রমের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন দ্রুত তৈরী করার জন্য পরামর্শ প্রদান করা হয়।
০২.	উদ্ভাবন বিষয়ক অগ্রগতি আলোচনা ও অভিজ্ঞতা বিনিময়।	পরবর্তী অর্থবছরের উদ্ভাবন বিষয়ক ধারণা সমূহে যাচায় বাছায় প্রক্রিয়া সম্পূর্ণ হয়েছে বলে সভায় অবহিত করা হয়। উক্ত উদ্ভাবনীমূলক ধারণা বাস্তবায়নের লক্ষ্যে ব্যবস্থাপনার অনুমোদন ক্রমে তা আর্থিক প্রতিষ্ঠান বিভাগ বরাবর প্রেরণ করা হবে বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করার বিষয়ে সদস্যগণকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(ড. একেএম নুরুজ্জামান)
মহাব্যবস্থাপক (কার্যক্রম) ও
ইনোভেশন অফিসার